

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date : 07.03.2025

Desk in Charge : SDG

Time : 7.35 AM

Compiling & NR: S. BASU

DEO : KB

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের টেকনিক্যাল কমিটি, আজ কলকাতায় বৈঠকে বসছে।

২/ 'ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন' ছাড়া পুরসভাগুলিতে কোনোভাবেই কর্মী নিয়োগ করা যাবেনা বলে জানিয়েছে রাজ্য সরকার।

৩/ দেশজুড়ে অভিন্ন ভোটার পরিচয় পত্রের দাবিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে স্মারকলিপি দিয়েছে তৃণমূল কংগ্রেস।

৪/ কলকাতা হাইকোর্টের নির্দেশের প্রেক্ষিতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আহত ছাত্র ইন্দ্রানুজ রায়ের অভিযোগের ভিত্তিতে যাদবপুর থানা, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এবং শিক্ষক নেতা ওম প্রকাশ মিশ্রের বিরুদ্ধে FIR গ্রহণ করেছে।

৫/ ভারতীয় ফুটবল দলের অধিনায়ক সুনীল ছেত্রী, অবসর ভেঙ্গে জাতীয় দলে ফিরছেন।

ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের টেকনিক্যাল কমিটি আজ বৈঠকে বসছে। সেখানেই জল বণ্টন ইস্যুতে নিজেদের সুপারিশগুলি তারা নিজ নিজ দেশের সরকারের কাছে জমা দেবেন। কমিটির সেই সুপারিশের ভিত্তিতেই আগামী তিনমাসের মধ্যে গঙ্গার জল বণ্টন চুক্তির ভবিষ্যৎ নির্ধারণ হবে বলে জানা গেছে। ৮৬-তম বৈঠকের প্রথম দিনে গতকাল বিভিন্ন নদীর জল বণ্টন নিয়ে আলোচনা করতে কারিগরী কমিটি গঠন করা হয়। সেখানে দুই দেশের প্রতিনিধিরাই রয়েছেন।

উল্লেখ্য, বাংলাদেশ থেকে আসা ১১ সদস্যের প্রতিনিধি দলের সঙ্গে ভারতীয় প্রতিনিধি দলের সদস্যরা গতকাল কলকাতার একটি পাঁচতারা হোটেলে দফায় দফায় বৈঠক করেন। সেখানে গঙ্গা-পদ্মা সহ ভারত ও বাংলাদেশের মধ্যে দিয়ে বয়ে চলা নদীগুলির সমস্যা নিয়ে আলোচনা হয়েছে বলে সূত্রের খবর।

‘ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন’ ছাড়া পুরসভাগুলিতে কোনভাবেই কর্মী নিয়োগ করা যাবে না বলে রাজ্য সরকার জানিয়েছে। পুর ও নগরোন্নয়ন দপ্তর থেকে জারি করা এক নির্দেশিকায় কমিশনের মাধ্যমে নিয়োগকে একমাত্র বৈধতা দেওয়া হবে বলে জানানো হয়েছে।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্টের পর্যালোচনার পরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পুরসভাগুলিতে স্থানীয় ভাবে নিয়োগের অভিযোগ আসার প্রেক্ষিতে তীব্র অসন্তোষ প্রকাশ করেছিলেন। এরপরেই পুর ও নগর উন্নয়ন দপ্তরের তরফে এই বিজ্ঞপ্তি জারি করা হল।

দেশজুড়ে অভিন্ন ভোটার পরিচয় চালুর দাবিতে তৃণমূল কংগ্রেস গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে স্মারকলিপি দিয়েছে। দলের রাজ্য সভাপতি সুরত বক্তির নেতৃত্বে এই প্রতিনিধি দলে ছিলেন মন্ত্রী ফিরহাদ হাকিম, অরূপ বিশ্বাস, চন্দ্রমা ভট্টাচার্য প্রমুখ। তালিকা থেকে ভুয়ো ও ভুতুড়ে ভোটারের নাম বাদ দেওয়ার দাবি করে ফিরহাদ হাকিম বলেন, বিজেপি ভোটকে প্রভাবিত করার চক্রান্ত করছে। অন্য রাজ্য থেকে ভোটার এনে এরাজ্যের তালিকায় ঢোকানো হচ্ছে বলে তাঁর অভিযোগ।

(বাইট- ফিরহাদ)

এদিকে, ভোটার তালিকা গরমিলের অভিযোগ সরেজমিনে খতিয়ে দেখতে গঠিত ত্ণমূল কংগ্রেসের রাজ্য স্তরের কোর কমিটি গতকাল প্রথমবার বৈঠকে বসে। দলের রাজ্য সভাপতি সুব্রত বস্তুর নেতৃত্বে ওই বৈঠকে ভোটার তালিকা সংক্রান্ত কাজ খতিয়ে দেখার জন্য সাংগঠনিক জেলাওয়ারি কয়েকজন নেতাকে দায়িত্ব দেওয়া হয়েছে। অভিষেক বন্দ্যোপাধ্যায় গতকালের বৈঠকে উপস্থিত ছিলেন না। আগামী ১৫ই মার্চ এক ভার্চুয়াল বৈঠকে তিনি কোর কমিটির সদস্যদের সঙ্গে আলোচনায় বসবেন বলে দলীয় সূত্রে জানা গিয়েছে।

ভোটার তালিকা স্কুটিনির কাজে প্রত্যেক জেলায় কোর কমিটি গঠন করা হয়েছে। এতে থাকবেন সাংসদ, বিধায়ক থেকে শুরু করে নানা পদাধিকারীরা।

নির্বাচন কমিশনের প্রতিনিধি ছাড়া কাউকে ভোটার কার্ড না দেখানোর জন্য CPIM, সাধারণ মানুষের কাছে অনুরোধ জানিয়েছে। দলের তরফে এক বিবৃতিতে দার্জিলিং জেলা সম্পাদক সমন পাঠক বলেন, ত্ণমূল কংগ্রেস এর তরফে যেভাবে মানুষের বাড়ি বাড়ি গিয়ে ভোটার কার্ড পরীক্ষা করা হচ্ছে, তা সম্পূর্ণ অসংবিধানিক এবং বেআইনি। এই বিষয়ে শীঘ্ৰই নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জানানো হবে।

পাশাপাশি নির্বাচন কমিশন কেন এব্যাপারে চুপ রয়েছে সেই প্রশ্নও তোলেন তিনি।

কলকাতা হাইকোর্টের নির্দেশের প্রেক্ষিতে হত ছাত্র ইন্দ্রানুজ রায়ের অভিযোগের ভিত্তিতে যাদবপুর থানা, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এবং শিক্ষক নেতা ওম প্রকাশ মিশ্রের বিরুদ্ধে FIR গ্রহণ করেছে। বিচারপতি তীর্থকর ঘোষ ছাত্রটির অভিযোগ FIR হিসেবে গ্রহণের জন্য পুলিশকে নির্দেশ দিয়েছিলেন। ঘটনার পাঁচ দিনের মাথায় গৃহীত এই FIR-এর ভিত্তিতেই শুরু হয়েছে তদন্ত।

এদিকে যাদবপুরের পড়ুয়ারা দ্রুত ছাত্র সংসদ নির্বাচন, পড়ুয়াদের বিরুদ্ধে দায়ের হওয়া মামলা প্রত্যাহার সহ একাধিক দাবী পূরণের জন্য সোমবার বেলা ১ টা পর্যন্ত বিশ্ব

বিদ্যালয়ের কর্তৃপক্ষ কে সময় সীমা বেঁধে দিয়েছে। এর মধ্যে ইসি বৈঠক করতে হবে। সেখানে ইতিবাচক কিছু না হলে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজ স্তৰ করে দেওয়ার হাঁশিয়ারি দেওয়া হয়েছে। কন্ট্রোলার অফ এক্সামিনেশন ও স্কলারশিপ সেকশন কে এর বাইরে রাখা হয়েছে। আজ দুপুর ৩টের সময় ডাক দেওয়া হয়েছে নাগরিক মিছিলের।

এদিকে, বাম ছাত্র সংগঠন- আইসা, তেসরা মার্চ ছাত্র ধর্মঘটের দিন AIDSO এবং SFI মহিলা কর্মীদের ওপর আক্রমণের অভিযোগ নিয়ে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবী করেছে। সংগঠনের রাজ্য সভাপতি ঋতম মাঝি ও সম্পাদক শুভাশিস দাস আজ এক বিবৃতিতে স্বচ্ছ তদন্ত, দোষী পুলিশ আধিকারিকদের বরখাস্ত এবং ধূত শিক্ষার্থীদের নিঃশর্ত মুক্তি'ও দাবী জানিয়েছেন।

বীরভূমের দেউচা-পাচামিতে যাওয়ার সময় তাদের সদস্যদের ভয় দেখানোর ঘটনায় গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি- APDR, জাতীয় ও রাজ্য মানবাধিকার কমিশন এবং আদালতের দ্বারস্থ হবে। কলকাতা প্রেস ক্লাবে গতকাল এক সাংবাদিক সম্মেলনে কমিটির সম্পাদক রাংতা মুসী অভিযোগ করেন, সিউড়িতে তাঁদের তালাবন্দী ও তারপর দেউচা-পাচামি যাওয়ার সময় সেওড়াকুরিতে ঘিরে রাখা হয়। জেলা শাসকের কাছে এব্যাপারে অভিযোগ জানালে, তিনি তদন্তের আশ্বাস দেন।

এদিকে, দেউচা পাচামী নিয়ে তৃণমূল কংগ্রেস তথ্য গোপনের চেষ্টা করছে বলে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন। তিনি গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, তথ্য আড়াল করে মানুষকে প্রতারণা করার চেষ্টা চলেছে। এই প্রকল্প নিয়ে শ্বেতপত্র প্রকাশের'ও দাবী জানান অধীর বাবু।

(বাইট- অধীর অন দেউচা)

‘আমার গ্রাম’ কর্মসূচীর আওতায় রাজ্যপাল CV আনন্দ বোস গতকাল আদিবাসী লোধা ও শবর সম্প্রদায় অধ্যুষিত ঝাড়গ্রামের গোবিন্দপুর গ্রাম পরিদর্শন করেন।

পরে সাংবাদিকদের সঙ্গে কথা প্রসঙ্গে রাজ্যপাল বলেন, আদিবাসী জনজাতির মানুষজন হলেন এখানকার ভূমিপুত্র। আদিবাসীদের উন্নয়নে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী গৃহীত বিভিন্ন কর্মসূচীর কথা তুলে ধরেন তিনি।

(বাইট- রাজ্যপাল)

OBC শংসাপত্র বাতিল মামলায় রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থকে তলব করেছে কলকাতা হাইকোর্ট। আদালত, শংসাপত্র বাতিলের নির্দেশ দেওয়া সত্ত্বেও রাজ্য সরকার তা' বাতিল করছে না কেন, মুখ্যসচিবকে তা' ব্যাখ্যা করতে বলা হয়েছে। এবিষয়ে রাজ্যের বিরুদ্ধে আদালত অবমাননার একটি মামলাও গ্রহণ করেছে কলকাতা হাইকোর্ট। ১২'ই মার্চ এই মামলার পরবর্তী শুনানি।

দেশ জুড়ে জাল ওষুধের কারবার যেভাবে ছড়িয়েছে, তা' অত্যন্ত উদ্বেগজনক বলে 'বেঙ্গল কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশন' BCDA-র প্রাক্তন সভাপতি তথা মুখ্যপাত্র শঙ্খ রায়চৌধুরী জানিয়েছেন। বর্তমানে ওষুধের বাজারের প্রায় ১৫ শতাংশ'ই জাল এবং উপযুক্ত মানের নয়, এমন ওষুধ কারবারিদের হাতে চলে গেছে। শুধু পশ্চিমবঙ্গেই নয়, কানপুর, আগ্রা, দিল্লি, পাটনা সহ দেশের বিভিন্ন প্রান্তে জাল ওষুধের কারবার বিস্তার লাভ করেছে বলে তিনি উল্লেখ করেন। এর জন্য তিনি ওষুধের দামে বিরাট পরিমাণ ছাড়ের প্রতি পাইকারি, খুচরো বিক্রেতা এবং ক্রেতাদের আকৃষ্ট হওয়াকেই অনেকাংশে দায়ী করেছেন।

উল্লেখ্য, কেন্দ্রীয় গুরুত্বপূর্ণ গুণমান নিয়ন্ত্রক সংস্থা- CDSC'ও, অতি সম্পত্তি বিভিন্ন গুরুত্ব নির্মাতা সংস্থার তৈরী ৬৩টি বহুল প্রচলিত গুরুত্বকে উপযুক্ত গুণমানের নয় বলে জানিয়েছে।

আগামীকাল ৮'ই মার্চ বিশ্ব জুড়ে উদযাপিত হবে আন্তর্জাতিক নারী দিবস। এবছরের থিম- 'সমস্ত নারী ও কন্যাদের জন্য সমানাধিকার, সাম্য ও ক্ষমতায়ন'। এর উদ্দেশ্য হল

কোনোভাবেই মেয়েরা যাতে তাঁদের সমাধিকার, ক্ষমতা ও সুযোগ সুবিধা থেকে বঞ্চিত না হন, তা সুনিশ্চিত করা।

আন্তর্জাতিক নারী দিবসের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে তৎমূল কংগ্রেসের মহিলা শাখা রাজ্য জুড়ে কর্মসূচী হাতে নিয়েছে। এই উপলক্ষ্যে আগামীকাল রাজ্যস্তরের মূল অনুষ্ঠানে মহিলা শাখার প্রধান চন্দ্রিমা ভট্টাচার্য নেতৃত্বে কলকাতার রবীন্দ্রসদন থেকে ডোরিনা ক্রসিং পর্যন্ত একটি মিছিল বের করা হবে।

এছাড়াও মহিলাদের সামাজিক সুরক্ষায় রাজ্য সরকার যেসমস্ত বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে সেগুলি প্রচারের আলোয় এনে প্রতিটি জেলায় দিনটি পালনের কর্মসূচী হাতে নেওয়া হয়েছে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে।

কলকাতা সহ দক্ষিণবঙ্গে সর্বত্র আপাতত বৃষ্টির সম্ভাবনা নেই বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। বিভিন্ন জেলায় তাপমাত্রার পারদ বেশ কিছুটা নেমেছে।

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে সাড়ে ৩ ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও স্বাভাবিকের তুলনায় সাড়ে ৩ ডিগ্রী করে ২৮ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াসে দাঁড়ায়।

এদিকে চলতি সপ্তাহে উত্তরবঙ্গের তিন জেলা দার্জিলিং, জলপাইগুড়ি এবং কালিম্পং-এ বজ্রবিদ্যুৎ সহ বড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

ভারতীয় ফুটবল দলের প্রাক্তন অধিনায়ক সুনীল ছেত্রী অবসর ভেঙে ফের জাতীয় দলে ফিরছেন। সর্বভারতীয় ফুটবল ফেডারেশন তাঁর প্রত্যাবর্তনের কথা জানিয়েছে। আন্তর্জাতিক ফুটবলে ১৯ বছরে সুনীল ছেত্রী ১৫০ টি ম্যাচে ৯৪ টি গোল করেছেন।
